Amit Kundu 10/11/18
Alpana Majumder 10/11/18

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

## 3rd Term Examination (Question cum Model Answer)

Sub: BENGALI TEXT    Class: 8A/8B/8C/8D    F. M. 80

Duration: 2 HOURS 30 MINUTES    Date: 03.11.2018

### বিভাগ - ক

১। সঠিক উত্তরটি বেছে নাও ঃ- (১x৫=৫)

১. 'ঘুঁটে-কুড়োনোর কোন্ গল্প বল্‌তো' - গল্পটি আছে —
(গ) 'অন্নদামঙ্গলে'

২. 'মধুকর ডিঙা থেকে না জানি সে কবে ....' মধুকর ডিঙাটি কার?
(ঘ) বণিক চাঁদ সদাগরের

৩. রূপো কাকা মাসে কত টাকা মাইনে পেত?
(ক) মাসে সাড়ে তিন টাকা

৪. 'বলি তবে হাসি মুখে' — কবি কি বলেন?
(ক) বেঁচে থাকো রও সুখে

৫. 'একি বেয়াদবি!' - কথাটা বলেছে —
(গ) কোতোয়াল

২। প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ- (১x১০=১০)

১. 'পারিতোষিক' শব্দের অর্থ কি? — পুরস্কার।

২. মালিনী নদীর তীরে কার আশ্রম ছিল? — কণ্ব মুনির।

৩. 'অন্নদামঙ্গল' কে লিখেছেন? — রায়গুণাকর ভারতচন্দ্র

৪. 'পল্লব' শব্দের অর্থ কি? — গাছের পাতা।

৫. রূপো কাকাকে কে আশ্রয় দিয়েছিলেন? — গল্প কথকের ঠাকুরদা হরিরাম চক্রবর্তী।

৬. 'হেমকান্তি' শব্দের অর্থ কি? — সোনার মত রূপ বা কান্তি।

৭. 'কৈশোরের কিশলয়' কিসে পরিণত হয়? — পর্ণে পরিণত হয়।

৮. 'করি মোরা হানাহানি' — কারা হানাহানি করে? — হিন্দু-মুসলমান হানাহানি করে।

৯. 'অপুর কল্পনা' রচনাটি কোন্ উপন্যাসের অন্তর্গত? — বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পথের পাঁচালি'।

১০. রূপো কাকার জাত কি? — রূপো কাকা জাতিতে মুসলমান।

## বিভাগ - খ

৩। প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ- (২x৫=১০)

১. রূপো কাকার ছেলের নাম কি? লেখক তাকে কি বলে ডাকতেন? — বেজা। বেজা বাঙাল।

২. কৈশোর কাল বলতে কি বোঝ? কৈশোরের কিশলয় কিসে পরিণত হয়? — 'কৈশোর কাল' বলতে ছেলেবেলা বা বারো থেকে আঠারো বছর বয়সকে বোঝায়। পর্ণে পরিণত হয়।

৩. 'দ্যাখো ছেলের কান্ড দ্যাখো।' - বক্তা কে? ছেলেটির নাম কি? — অপুর মা। ছেলের নাম অপু।

৪. গাঙুর কি? বেহুলা কে? — গাঙুর বাংলাদেশের একটি নদী। চাঁদ সদাগরের পুত্রবধূ ও লক্ষ্মীন্দরের স্ত্রী।

৫. 'সূত' শব্দের অর্থ কি? মহারাজা দুষ্মন্ত কাদের সঙ্গে মৃগয়ায় গিয়েছিলেন? — সারথী। বহু সৈন্যসামন্ত সহযোগে মৃগয়ায় গিয়েছিলেন।

৪। প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) ঃ- (৩x৫=১৫)

১. 'মা, সেই ঘুঁটে কুড়ানোর গল্পটা?' বক্তা কে? ঘুঁটে কুড়োনোর গল্পটা কি? — বক্তা অপু। 'সাহিত্য মুকুল' গ্রন্থের পৃষ্ঠা সংখ্যা (৬৪)-এর টীকা সম্ভার অংশ দ্রষ্টব্য।

২. বাংলার অপরূপ রূপ কে দেখেছিলেন? কেন তিনি আর পৃথিবীর রূপ দর্শন করতে চান না? — কবি জীবনানন্দ দাশ। তিনি বাংলার অপরূপ প্রকৃতি দর্শন করেছিলেন বলেই আর পৃথিবীর রূপ দর্শন করতে চাননি।

৩. 'পাঠশালা যেন পান্থশালা' — 'পান্থশালা' কথার অর্থ কি? এই কথাটির তাৎপর্য লেখো। — পথিকের বিশ্রামাগার। পান্থশালায় যেমন ক্লান্ত পথিক কিছু সময়ের জন্য বিশ্রাম নেয়, তারপর আবার বিশ্রাম শেষে পথ চলা শুরু করে, তেমনি পাঠশালায় শিশুরা কিছুদিনের জন্য এসে একসঙ্গে পড়াশুনা শেষ করে আবার পাঠশালা ত্যাগ করে যায়।

৪. রূপো কাকার আসল নাম কি? রূপো কাকা কোথা থেকে কিভাবে লেখকদের গ্রামে এসেছিলেন? — রূপো বাঙাল। রূপো কাকা নাকি সাজি মাটির নৌকাতে চড়ে কুড়ি বাইশ বছর বয়সে দক্ষিণ দেশ থেকে লেখকদের গ্রামের ঘাটে নিরাশ্রয় অবস্থায় এসে নেমেছিল।

৫. 'যেন রবি শশী দোলে ....' রবি ও শশীর আক্ষরিক অর্থ কি? কবিতায় এর ব্যবহারের মধ্য দিয়ে কবি কি বলতে চেয়েছেন? — 'রবি' অর্থে সূর্য এবং 'শশী' অর্থে চাঁদকে বোঝানো হয়েছে। কবিতায় হিন্দু ও মুসলমান এই দুই সম্প্রদায়কে রবি-শশীর সঙ্গে তুলনা করা হয়েছে।

৬. কর্ণ কে? কেন অপুর তাকে ভালো লাগতো? — কর্ণ হলেন কুমারী মাতা কুন্তীর সন্তান, সূর্যের ঔরসজাত। কর্ণের অসহায় অন্যায় মৃত্যুকে না মানতে পেরে অপু কর্ণের প্রতি সহানুভূতিশীল ছিল।

৭. 'কথাটা রাজার কানে গেল' - কথাটা কি ছিল? এরপর রাজা কি করলো? — খাঁচার উন্নতি হচ্ছে কিন্তু পাখীটার খবর কেউ রাখে না। এরপর রাজা ভাগিনাকে ডেকে এর কারণ জানতে চাইলেন।

## বিভাগ - গ

১। উৎস সহ্ প্রশ্নের উত্তর দাও (যে কোনো আটটি) ঃ- (৫x৮=৪০)

১.১ 'মহাভারতের সমস্ত চরিত্রের মধ্যে কর্ণের চরিত্র বড়ো ভালো লাগে তাহার কাছে।" - কার কাছে? কর্ণের চরিত্র তার ভালো লাগে কেন? — অপুর কাছে। অপুর জীবনের সাথে কর্ণের জীবনের ভাগ্য বিড়ম্বনার যোগসূত্র বিশ্লেষণ করে লিখতে হবে।

১.২ টীকা লেখ ঃ (ক) কাশীদাসী মহাভারত (খ) ঘুঁটে-কুড়ানো গল্প — 'কাশীদাসী মহাভারত' ও 'ঘুঁটে-কুড়ানো গল্প' — টীকা বইয়ের পৃষ্ঠা - ৬৪ দ্রষ্টব্য।

১.৩ 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার কর। — 'বাংলার মুখ' বলতে কী বোঝায় কবিতাটি অনুসরণ করে লিখতে হবে।

১.৪ 'ছাত্রধারা' কবিতাটির মর্মার্থ নিজের ভাষায় লেখ। — 'ছাত্রধারা' কবিতাটির ভাববস্তু সংক্ষেপে মূল কবিতাটি অবলম্বনে লিখতে হবে।

১.৫ 'রূপো কাকা' গল্পে রূপো কাকার চরিত্রটি বিশ্লেষণ কর। — 'রূপো কাকা' গল্পের বিষয়বস্তু অনুসরণে নিজের ভাষায় রূপো কাকার চরিত্র লিখতে হবে।

১.৬ 'একই বৃন্তে দুটি কুসুম' কবিতাটির সারমর্ম নিজের ভাষায় লেখ। — 'একই বৃন্তে দুটি কুসুম' কবিতাটির মূল বক্তব্য নিজের ভাষায় লিখতে হবে।

১.৭ 'তোতা কাহিনী' গল্পটিতে সমকালীন শিক্ষাব্যবস্থা সম্বন্ধে রবীন্দ্রনাথের যে মনোভাব প্রকাশিত হয়েছে, তা নিজের ভাষায় লেখ। — গল্পটিতে 'তোতা' শিশু শিক্ষার্থীর প্রতীক। রবীন্দ্রনাথ প্রচলিত শিক্ষাব্যবস্থার আড়ম্বরকে বিদ্রূপ করেছেন। মুক্ত প্রাণ, সহজ সরল, কল্পনাপ্রবণ, শিশু শিক্ষার্থীর তোতার মতই কৃত্রিম আড়ম্বরপূর্ণ শিক্ষাব্যবস্থার শিকার।

১.৮ "আপনার শস্ত্র আর্তের পরিত্রাণের নিমিত্ত, নিরপরাধের প্রহারের নিমিত্ত নহে।" উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ কর। — প্রসঙ্গ। উদ্ধৃতাংশটির অর্থ বিশ্লেষণ করতে হবে।

১.৯ "জানে না কে কোথা যাবে জুটে হেথা তাই ভাবে পাঠশালা — যে পান্থশালা" — তাৎপর্য বিশ্লেষণ কর। — ছাত্ররা বিদ্যালয়ে একটি নির্দিষ্ট সময়কালীন পড়াশুনা করে। শিক্ষান্তে তারা বিদ্যালয় ত্যাগ করে জীবনের অন্য কর্মে লিপ্ত হয়। পথিকও তেমনই পান্থশালায় রাত্রির সময়টুকু অতিবাহিত করে পরদিন পুনরায় পথ চলে। দুটি স্থানই অস্থায়ী।

১.১০ 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' কবিতায় কবি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে কিভাবে বর্ণনা করেছেন, তা নিজের ভাষায় লেখ। — কবিতাটি অনুসরণ করে, বিদ্যাসাগর মহাশয় সম্বন্ধে যে যে উপমা বা তুলনাগুলি দেওয়া হয়েছে সেগুলির উল্লেখ করে বর্ণনা করতে হবে।